

বিদ্যুৎ ও গ্যাস

- বিদ্যুৎ উৎপাদন বাড়ানোর লক্ষ্যে তাৎক্ষণিক, স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদী পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন। বিদ্যুৎ উৎপাদনে অসাধ্য সাধন। লোডশেডিং এর দুঃসহ যন্ত্রনার অবসান।
- ৪ হাজার ৪৩২ মেগাওয়াট ক্ষমতা সম্পন্ন ৫৭টি বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ। বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা ৯ হাজার ৫৯ মেগাওয়াটে উন্নীত।
- সর্বোচ্চ ৬ হাজার ৬৭৫ মেগাওয়াট বিদ্যুৎ সরবরাহ। ১৯ লক্ষ ৮৯ হাজার গ্রাহককে বিদ্যুৎ সংযোগ প্রদান। ৬২ শতাংশ মানুষ বিদ্যুৎ সুবিধা প্রাপ্তি।
- ৬ হাজার ৪১৯ মেগাওয়াট ক্ষমতার আরও ৩২টি বিদ্যুৎ কেন্দ্র নির্মাণাধীন।
- ৪ হাজার ৪৯ মেগাওয়াট ক্ষমতার আরও ২০টি বিদ্যুৎ কেন্দ্রের টেন্ডার প্রক্রিয়াধীন।
- প্রায় ১০ হাজার কিলোমিটার সঞ্চালন লাইন এবং ৩ লক্ষ কিলোমিটার বিতরণ লাইন নির্মাণ।
- পল্লী বিদ্যুতায়নের আওতায় ২৬ হাজার ৫০২ কিলোমিটার বিতরণ লাইন নির্মাণ।
- পাবনার রূপপুরে ১ হাজার মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন ২টি ইউনিট পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপনে রাশিয়ার সঙ্গে সহযোগিতা চুক্তি স্বাক্ষর।
- ২০ লক্ষ সোলার হোম সিস্টেম স্থাপন। এর আওতায় ৯০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন।
- ২৫টি গ্যাস-ক্ষেত্র আবিষ্কৃত। দৈনিক গ্যাস উৎপাদন ১ হাজার ৬০০ মিলিয়ন ঘনফুট থেকে ২ হাজার ৩০৩ মিলিয়ন ঘনফুটে উন্নীত।